উপজেলা পরিষদ কার্যালয়

জগন্নাথপুর, সুনামগঞ্জ।

জুলাই, ২০১৪ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভার তারিখ ঃ ০৯ জুলাই, ২০১৪ খ্রি.
সময় ঃ বিকাল ৩.০০ ঘটিকা
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভাপতি ঃ মোঃ আকমল হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদেস্যের তালিকা পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানীত সদস্যগণকে স্বাগত জানান। অতপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং		আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১		২	৩	৪
১	বিগত সভার কার্য বিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ।	প্রথমেই বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এতে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। ফলে কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ করার প্রস্তাব করা হয়।	বিস্তারিত আলোচনান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ী করণ করা হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
২	বিভিন্ন কমিটির সুপারিশমালা উপস্থাপন/ পর্যালোচনা	উক্ত মাসে ষ্টেন্ডিং কমিটির কোন সভা অনুষ্ঠিত হয় নি বিধায় ষ্টেন্ডিং কমিটির সুপারিশমালা নিয়ে কোন আলোচনা হয়নি।	-	-
৩	উপজেলা গভর্ন্যান্স প্রকল্প সমূহের অগ্রগতি পর্যালোচনা	উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ষ্টেন্ডিং কমিটির সুপারিশ মোতাবেক উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট থেকে ২য় পর্যায়ে আরও ২০ টি প্রকল্প নেওয়া হয়েছিল। তিনি জানান উক্ত ২০ টি প্রকল্প স্থানীয় সরকার বিভাগে পাঠানো হয়েছে এবং প্রকল্প সমূহের বরাদ্দও পাওয়া গিয়েছে। এছাড়া প্রকল্প সমূহের প্রাক্কলন তৈরীর বিষয়ে আলোচনা হয়।	বিস্তারিত আলোচনান্তে ২য় পর্যায়ে উপজেলা গভর্ন্যান্স প্রকল্পের আওতায় প্রস্তাবিত ২০টি প্রকল্পের প্রাক্কলন আগামী সভার পূর্বে দাখিল করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা যুব উন্নয়ন অফিসার,উপজেলা মহিলা বিষয়ক অফিসার। জগন্নাথপুর,সুনামগঞ্জ।
৪	বিবিধ	ক) উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা জলমহাল ইজারা বিজ্ঞাপন বিল বাবদ ১৪,৪২৭/= (চৌদ্দ হাজার চারশত সাতাশ) টাকা ব্যয় হয়েছে। ব্যয়িত খাতে সরকারী বরাদ্দ না আসায় আপাত উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার প্রস্তাব করা হয় এবং পরবর্তীতে বরাদ্দ সাপেক্ষে সমন্বয় করা হবে মর্মে তিনি জানান।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা জলমহাল ইজারা বিজ্ঞাপন বিল বাবদ ১৪,৪২৭/= (চৌদ্দ হাজার চারশত সাতাশ) টাকা উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		খ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অনেক দরজা জানালা ভেঙ্গে গিয়েছে। তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের দরজা জানালা সংস্কার ও মেরামত করে দেওয়ার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান। এছাড়া তিনি স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের আউটলেন এর ড্রেইনের পানি নিষ্কাশনের ব্যবস্থা করে দেওয়ার অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের দরজা জানালা সংস্কার ও মেরামত এবং ড্রেইন মেরামতের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।

		গ) বিশেষ বরাদ্দের ৫৩,০০০০০/=(তিপ্পান্ন লক্ষ) টাকার প্রকল্পগুলোর কাজ শেষ হয়েছে। তিনি আরও জানান বৃষ্টির কারণে কার্পেটিং রাস্তাগুলোর মেরামত কাজ করা যাচ্ছে না বৃষ্টির সময় শেষ হলে জগন্নাথপুর উপজেলার প্রধান প্রধান সড়কগুলোর কার্পেটিংয়ের মেরামত কাজ শুরু করা হবে। কেশবপুর লামারসুলগঞ্জ রাস্তা, সৈয়দপুর তেঘরিয়া রাস্তা, স্বজনশ্রী হলিকোনা রাস্তার আরসিসির টেন্ডার হয়েছে। এছাড়া তিনি জানান উপজেলা পরিষদের নতুন ভবনের কাজ আগামী ডিসেম্বর মাসের মধ্যে শেষ হবে।	আলোচনান্তে জগন্নাথপুর উপজেলার প্রধান প্রধান সড়কগুলোর কার্পেটিংয়ের মেরামত কাজ দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া টেন্ডার হওয়া রাস্তাগুলোর কাজ দ্রুত আরম্ভ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ঘ) উপজেলা কৃষি কর্মকর্তা জানান বর্তমানে আমন ধান আবাদ চলছে এবং মাঠ পর্যায়ে বীজ তলা সংরক্ষণের কাজ চলছে এবং ৫২০ জন কৃষককে কৃষি পুনর্বাসন করা সম্ভব হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বিভাগীয় কাজে সকলের সহযোগীতা কামনা করেন।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ঙ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান রোজা ও আসন্ন ঈদুল ফিত্‌র উপলক্ষে সমগ্র উপজেলায় ভিজিএফ বিতরণ চলছে। তিনি আরও জানান চল্লিশ দিনের কর্মসূচীর কাজগুলি চলমান অবস্থায় আছে। বৃষ্টি ও পানির কারণে বিভিন্ন জায়গায় কাজ করা যাচ্ছে না। এছাড়া টি আর প্রকল্পগুলোর কাজও চলমান অবস্থায় আছে।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অসমাপ্ত কাজগুলি দ্রুত শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিষদ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		চ) উপজেলা শিক্ষা অফিসার উপজেলা গভর্ন্যান্স প্রকল্পের আওতায় আরও দুটি প্রকল্প নেওয়ার অনুরোধ জানান। প্রকল্পগুলো হচ্ছে বনগাঁও ও খাগাউড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সোলার প্যানেলের মাধ্যমে মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন। তিনি আরও জানান বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল খেলার সময় পাটলী ইউনিয়নের ১টি শিশুর পা ভেঙ্গে গিয়েছিল। তিনি শিশুটির চিকিৎসায় আর্থিক সাহায্যের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান। এ ব্যাপারে উপজেলা সমাজ সেবা অফিসার জানান শিশুটির চিকিৎসার জন্য সমাজ সেবা অধিদপ্তর থেকে অনুদান দেয়া যাবে। তিনি শিশুটির চিকিৎসায় আর্থিক অনুদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনান যে সকল এলাকায় প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ হয়েছে কিন্তু বিদ্যুতের ব্যবস্থা নেই সে সকল বিদ্যালয়কে সৌর বিদ্যুতের ব্যবস্থা করে দেওয়ার প্রস্তাব করেন। চেয়ারম্যান সৈয়দপুর ইউপি জানান সুরতনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট রয়েছে। তিনি সুরতনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে বনগাঁও ও খাগাউড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সুলার প্যানেলের মাধ্যমে মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বঙ্গমাতা ফুটবল খেলায় যে শিশুটির পা ভেঙ্গে গিয়েছিল তাকে সমাজ সেবা অধিদপ্তর থেকে আর্থিক অনুদান দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং যে সকল প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মিত হয়েছে কিন্তু বিদ্যুতের ব্যবস্থা নেই সে সকল স্কুলে সৌর বিদ্যুতের ব্যবস্থা করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।
		ছ) উপজেলা মৎস্য কর্মকর্তা জানান এ বছর সমগ্র উপজেলায় প্রকৃত মৎস্যজীবিদের নিবন্ধন ও ছবিতুলার কাজ শেষ হয়েছে। প্রকৃত মৎস্যজীবিদের মধ্যে যারা নিবন্ধনের আওতায় আসেনি তাদের পুনরায় নিবন্ধনের ব্যবস্থা করা হবে।	বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রম আরও জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আকমল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/উজেপ/জপুর/সভা/২০১৩-২০১৪/ (৪০) তারিখ ঃ- ০৯/০৭/২০১৪ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১. মাননীয় সংসদ সদস্য-২২৬,সুনামগঞ্জ-৩ ও প্রতিমন্ত্রী, অর্থমন্ত্রণালয় এবং পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

৫. জনাব...,উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. মেয়র, জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।
৭. উপজেলা...,কর্মকর্তা(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. চেয়ারম্যান,...ইউ/পি(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. জনাব...।
১০. অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আকমল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং- সুনাম/উজেপ/জপুর/সভা/২০১৩-২০১৪/ (৪০) তারিখ ঃ- ০৮/০৬/২০১৪ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১. মাননীয় সংসদ সদস্য-২২৬,সুনামগঞ্জ-৩ ও অর্থ এবং পরিকল্পনা প্রতি মন্ত্রী, অর্থ এবং পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে।

৫. জনাব..,উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. মেয়র, জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।
৭. উপজেলা...,কর্মকর্তা(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. চেয়ারম্যান,...ইউ/পি(সংশ্লিষ্ট সকল) জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. জনাব..।
১০. অফিস/মাস্টার কপি

উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।